দৈনিক ইত্তেফাক

তারিখ 27 FEB 2015
পৃষ্ঠা ১৫ কলাম ৫-২

# ভাসানী বিশ্ববিদ্যালয়ের ১৩ শিক্ষার্থী বহিষ্কার

■ টাঙ্গাইল প্রতিনিধি

শারীরিক নির্যাতন ও শৃঙ্খলা ভঙ্গের অভিযোগে মওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের ১৩ শিক্ষার্থীকে সাময়িকভাবে বহিষ্কার করা হয়েছে। এছাড়া পাঁচ শিক্ষার্থীকে কারণ দর্শানোর নোটিস দেয়া হয়। বিশ্ববিদ্যালয় সূত্রে জানা যায়, গত বুধবার প্রক্টর ড. মোহাম্মদ খাদেমুল ইসলামের সভাপতিত্বে বিশ্ববিদ্যালয়েরর প্রক্টরিয়াল কমিটির এক জরুরি সভায় এ সিদ্ধান্ত নেয়া হয়। সাময়িকভাবে বহিষ্কার করা ১৩ শিক্ষার্থী হলেন বায়োটেকনোলজি এন্ড জেনেটিক ইঞ্জিনিয়ারিং বিভাগের প্রথম বর্ষের শিক্ষার্থী ইফতিয়ার আহম্মেদ নিরব, আলী হোসইন আমানুল্লাহ ও যুব ভূইয়া, রসায়ন বিভাগের তৃতীয় বর্ষের এসএম রবিউল হাসান, আব্দুল্লাহ আল রায়হান ও আনিছুর রহমান সিদ্দিক, ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি বিভাগের দ্বিতীয় বর্ষের ইয়াসিন আরাফাত, বায়োটেকনোলজি এন্ড জেনেটিক ইঞ্জিনিয়ারিং বিভাগের আশরাফুল আলম, এনভায়রনমেন্টাল সায়েন্স এন্ড রিসোর্স ম্যানেজমেন্টের ওমর ফারুক, ফুড টেকনোলজি এন্ড নিউট্রিশনাল সায়েন্স বিভাগের নাজমুল হুদা নাসিম, বিজনেস এডমিনিস্ট্রেশন বিভাগের আরিফুল ইসলাম, টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং বিভাগের রাজিব আহমেদ ও নাজিম উদ্দিন। কারন দর্শানোর নোটিস দেয়া হয়েছে সাদ আল জামানী, শহিদুর রহমান রুপম, হাবিবুর রহমান, রাকিবুল হাসান ও আব্দুল্লাহ আল মামুনকে।